

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং: ০৫.৪৫.৬১৯৪.০০৬.৫৬.০০৬.১৭-১১

তারিখ: ৩০ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ
১৪ জানুয়ারি, ২০২০ খ্রি

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্পে ত্রিশাল উপজেলার ১২(বার) টি ইউনিয়ন ও ত্রিশাল পৌরসভার প্রতিটি ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের মধ্যে আগ্রহী শিক্ষিত ও বেকার যুবক/যুব মহিলাদের মধ্য থেকে নিম্নে উল্লিখিত শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে লিস্টিং অপারেশন ও শুমারি/ জরিপ চলাকালীন সময়ে তালিকাকারী/ গণনাকারী ও সুপারভাইজার নিয়োগ করা হবে।

ক্রম নং	পদের নাম	প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার	০১. প্রার্থীকে ন্যূনতম স্নাতক/সমমান পাশ হতে হবে। ০২. তালিকা কাজে স্মার্টফোন ব্যবহার হবে বিধায় প্রার্থীর নিজস্ব স্মার্টফোন (এনড্রয়েড ভার্সন ৬ বা তদুর্ধ্ব এবং স্ক্রীন সাইজ অন্তত ৫") থাকতে হবে ও চালনায় দক্ষ হতে হবে। ০৩. ০১/০২/২০২০ তারিখে বয়স ২৩-৪০ বৎসরের মধ্যে হতে হবে। ০৪. ইংরেজি হাতের লেখা স্পষ্ট ও বোধগম্য হতে হবে এবং আইসিআর ফরমের সাথে লেখা সংগতিপূর্ণ হতে হবে। ০৫. পূর্ববর্তী কোন শুমারি সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
০২)	তালিকাকারী/ গণনাকারী	০১. প্রার্থীকে ন্যূনতম এইচএসসি/ সমমানের পাশ হতে হবে। ০২. নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ০৩. তালিকা কাজে স্মার্টফোন ব্যবহার হবে বিধায় প্রার্থীর নিজস্ব স্মার্টফোন (এনড্রয়েড ভার্সন ৬ বা তদুর্ধ্ব এবং স্ক্রীন সাইজ অন্তত ৫") থাকতে হবে। ০৪. ০১/০২/২০২০ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে। ০৫. ইংরেজি হাতের লেখা স্পষ্ট ও বোধগম্য হতে হবে এবং আইসিআর ফরমের সাথে লেখা সংগতিপূর্ণ হতে হবে। ০৬. পূর্ববর্তী কোন শুমারি গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

বিঃ দ্রঃ প্রার্থীকে সংশ্লিষ্ট শুমারি এলাকা (গ্রাম/মৌজা/পৌরসভার ওয়ার্ড) এর বাসিন্দা হতে হবে।

শর্তাবলী :-

০১. প্রার্থীকে সরকারি/ বেসরকারি কোন প্রকল্পে, স্কুল, কিন্ডার গার্ডেনে নিয়োজিত থাকা যাবে না অর্থাৎ প্রার্থীকে অবশ্যই বেকার হতে হবে অন্যথায় পরবর্তীতে নিয়োগ বাতিল করা হবে।
০২. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও ত্রিশাল উপজেলার বাসিন্দা হতে হবে।
০৩. প্রার্থীকে মাঠ পর্যায়ে (প্রতি ঘরে ঘরে) কাজ করার মানসিকতা থাকতে হবে।
০৪. কমপক্ষে ৫০% মহিলা প্রার্থী অগ্রাধিকার পাবে ও গণনার সময় মাঠ পর্যায়ে যতগুলো খানা গণনা করতে বলা হবে তা পালন করতে হবে।
০৫. আবেদনপত্রের সাথে নিম্নের সকল কাগজ পত্র সত্যায়িত করে জমা দিতে হবে।
 - (ক) সশ্রুতি তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি।
 - (খ) জাতীয় পরিচয়পত্র (এনআইডি) - ০১ কপি।
 - (গ) নিজস্ব পৌরসভার ওয়ার্ড কমিশনার /ইউনিয়ন চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ - ০১ (মূল কপি)
 - (ঘ) সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ - ০১ কপি।
 - (ঙ) জেলা/উপজেলা/থানা পরিসংখ্যান অফিসের কর্মকর্তা/ জোনাল অফিসার কর্তৃক অভিজ্ঞতার সনদ (প্রয়োজ্য ক্ষেত্রে)।
০৬. মৌখিক পরীক্ষার সময় অবশ্যই সকল মূল সনদ প্রদর্শন করতে হবে।
০৭. আবেদনপত্র অত্র উপজেলা পরিসংখ্যান অফিসের <http://bbs.trishal.mymensingh.gov.bd/site/view/jobcorner> ওয়েব সাইটের ঠিকানা পাওয়া যাবে।
০৮. শুমারি/ জরিপ কাজের শেষে পারিশ্রমিক মোবাইল ব্যাংকিংএর মাধ্যমে দেওয়া হবে।
০৯. শুমারি কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য অতিরিক্ত সুপারভাইজার ও গণনাকারী কর্মীদের প্যানেল থেকে মূল শুমারির সময় নিয়োগ দেয়া হবে।
১০. কোন প্রকার দুর্নীতি বা সুপারিশের শরণাপন্ন হলে তা প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।
১১. জেলা/উপজেলা/থানা পরিসংখ্যান অফিসের কর্মকর্তা/ জোনাল অফিসার কর্তৃক অভিজ্ঞতার সনদ।
১২. একজন প্রার্থী একাধিক পদের জন্য আবেদন করতে পারবে না। অন্যথায় উভয় আবেদন বাতিল বলে গণ্য হবে।
১৩. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে মনোনয়ন কার্যক্রম স্থগিত বা বাতিল কিংবা সংযোজন ও বিয়োজনের ক্ষমতা সংরক্ষণ করেন।
১৪. প্রাথমিকভাবে বাচাইকৃত প্রার্থীদের মৌখিক পরীক্ষার তারিখ ও সময় ২৭ জানুয়ারি ২০২০ তারিখে নোটিশ বোর্ডে ও ওয়েবসাইটে জানিয়ে দেওয়া হবে।

উল্লিখিত শর্ত পূরণকল্পে আবেদনপত্র আগামী ২৬/০১/২০২০ খ্রি. তারিখ রোজ রবিবার বিকাল ০৫:০০ টার মধ্যে উপজেলা পরিসংখ্যান অফিস, ত্রিশাল বরাবর পৌছাতে হবে। আবেদনপত্র একটি খামে অত্র কার্যালয়ে নির্ধারিত নিজস্ব ইউনিয়নের বক্সে ফেলতে হবে ও খামের উপর প্রার্থীর নাম, ঠিকানা ও ইউনিয়ন/ পৌরসভার ওয়ার্ড এর নাম লিখতে হবে।



(শেখ হাফিজুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার(অঃদাঃ)
ত্রিশাল, ময়মনসিংহ।

ও
সভাপতি

জনশুমারি ও গৃহগণনা -২০২১ এর তালিকাকারী/গণনাকারী
ও সুপারভাইজার যাচাই বাছাই কর্মি
ত্রিশাল, ময়মনসিংহ।